দৈনিক সংবাদ

১৫/১০/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১, ২ কলাম ৩.....

## মন্ত্রীদের প্রথম কাজ, প্রথম ঘোষণা

# চন্দ্রিমা হলো জিয়া উদ্যান, বেইলি ব্রিজ ফের বসবে পলিথিন নিষিদ্ধ, শিক্ষানীতির পর্যালোচনা হবে

রাশেদ আহমেদ ॥ সংসদ ভবনের পেছনে অবস্থিত চন্দ্রিমা উদ্যানকে আবার জিয়া উদ্যান হিসেবে নামকরণ করার ঘোষণা দিলেন পূর্তমন্ত্রী মির্জা আব্বাস। জিয়াউর রহমানের মাজারে যাওয়ার জন্যে ক্রিসেন্ট লেকের ওপর বেইলি ব্রিজটিও পুনর্নির্মাণের নির্দেশ দিয়েছেন তিনি। গতকাল রোববার সচিবালয়ে প্রথম কর্মদিবসে এ কাজটিকেই তিনি সর্বাধিক প্রাধান্য দেন।

সাংবাদিকদের সাথে আলাপকালে পূর্তমন্ত্রী বলেন, ক্রিসেন্ট লেকের ওপর আপাতত বেইলি ব্রিজ নির্মাণ করা হবে। পরে আমি এখানে একটি স্থায়ী ব্রিজ নির্মাণ করে দেব। বেইলি ব্রিজের কাজ কিছুদিনের মধ্যে শুরু করা হবে।

তিনি আরও জানান, ওই উদ্যানের ভাবগাম্ভীর্যতা ও সৌন্দর্য অক্ষুণ্ন রেখে সেখানে একটি মসজিদ ও টয়লেট নির্মাণ করা হবে।

তিনি বলেন, আমি নিজে দুর্নীতি করব না এবং এ মন্ত্রণালয় ও এর অধীন সংস্থাগুলোকে দুর্নীতি করতে দেব না।

উল্লেখ্য, সংসদ ভবনের পেছনের উদ্যানটির মূল নাম ছিল চন্দ্রিমা উদ্যান। মরহুম রাষ্ট্রপতি জিয়াউর রহমান কবর দেয়ার পর এর নাম দেয়া হয় জিয়া উদ্যান। এরশাদ সরকারের সময় এ নাম আবার চন্দ্রিমা করা হলেও ১৯৯১ সালে খালেদা জিয়া সরকার জিয়ার নাম পুনর্প্রতিষ্ঠা করে যা শেখ হাসিনা সরকারের সময় তৃতীয়বারের মতো পালটে ফেলা হয়। বর্তমান সরকার আবার সেই নাম পরিবর্তন করে জিয়া উদ্যান করল।

জিয়াউর রহমানের মাজারে সরাসরি যাওয়ার জন্যে ক্রিসেন্ট লেকের ওপর একটি বেইলি ব্রিজ স্থাপন করেছিল ১৯৯১ সালে বেগম খালেদা জিয়া সরকার। শেখ হাসিনা সরকারের আমলে সেই ব্রিজটি তুলে ফেলে সেখানে পানির ফোয়ারা তৈরি করা হয়। ফোয়ারার বদলে আবার বেইলি ব্রিজ স্থাপন করা হবে।

### শিক্ষানীতি পর্যালোচনা করবেন শিক্ষামন্ত্রী

গত আওয়ামী লীগ সরকারের প্রণীত শিক্ষানীতি নতুন করে পর্যালোচনা করে দেখার ঘোষণা দিলেন বর্তমান শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক। তার ভাষায়, শিক্ষানীতি পাথরের কোন বস্তু নয় যে পরিবর্তন করা যাবে না। আমরা শিক্ষানীতিকে আরও যুগোপযোগী করব। গতকাল রোববার সচিবালয়ে সাংবাদিকদের কাছে তিনি এ কথা জানান। তিনি বলেন, আমরা শিক্ষানীতিতে তথ্য-প্রযুক্তির দিকে বেশি নজর দেব। ধর্মীয় শিক্ষা তথা মাদ্রাসা শিক্ষাব্যবস্থা চালু রেখে সাধারণ শিক্ষার সাথে তার একটি সমন্বয় সাধন করার পদক্ষেপ নেব।

তিনি বলেন, আমার প্রথম কাজ হবে শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনা। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভিসি পরিবর্তনের একটি দাবি উঠেছে। এ সমস্যার সমাধানও আমাকে করতে হবে।

আমাদের শিক্ষাব্যবস্থায় প্রতিটি স্তরে (প্রাথমিক থেকে উচ্চপর্যায়ে) শিক্ষারমান অনেক নিম্ন। এ মান উন্নয়নের লক্ষ্যে একটি নীতি আমি তৈরি করব।

অন্য এক প্রশ্নের জবাবে তিনি বলেন,

মন্ত্রীদের ঃ পৃঃ ২ কঃ ৫

## মন্ত্রীদের ঃ প্রথম কাজ

(১২-এর পৃষ্ঠার পর)

ছাত্রছাত্রীদের হাতে বছরের শুরুতে পাঠ্যপুস্তক পৌছে দেয়ার পদক্ষেপও আমি নিচ্ছি। আশা করি, আগামী বছর পাঠ্যপুস্তক কেলেঙ্কারি হবে না।

গতকাল সচিবালয়ে প্রথম কর্মদিবসে বসেই শিক্ষামন্ত্রী মন্ত্রণালয়ের বিভিন্ন বিষয় সম্পর্কে অবহিত হন বলে জানান।

### পলিথিন নিষিদ্ধ করার ঘোষণা দিলেন শাজাহান সিরাজ

পরিবেশ দূষণের হাত থেকে দেশকে রক্ষার জন্যে পলিথিন ব্যবহার বন্ধ করার পদক্ষেপ নেয়ার কথা জানালেন বন ও পরিবেশ মন্ত্রী শাজাহান সিরাজ। তিনি বলেন, বিভিন্ন স্থানে পরিবেশ আদালত আবার বসানো এবং তা কার্যকর রাখা হবে। বুড়িগঙ্গা নদী দখলমুক্ত করার কাজও চলবে দ্রুতগতিতে।

গতকাল সাংবাদিকদের সাথে আলাপকালে প্রথম কাজ হিসেবে বন ও পরিবেশ মন্ত্রী ওপরের পদক্ষেপগুলো বাস্তবায়নের কথা জানান। তিনি বলেন, পলেথিন ব্যবহার নিষিদ্ধ করা ও পরিবেশ আদালত স্থাপনের সিদ্ধান্ত গত সরকারেরই ছিল; কিন্তু তা স্থগিত করা হয়। আমি সেই স্থগিতাদেশ প্রত্যাহার করে নেব। তবে পলিথিনের বিকল্প তৈরি করারও ব্যবস্থা করা হবে বলে তিনি জানান। তিনি আরও বলেন, গত ৫ বছর এ মন্ত্রণালয়ে যেসব দুর্নীতি হয়েছে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

### সংসদকে কার্যকর করার আইন করবেন মওদুদ

জাতীয় সংসদকে কার্যকর করতে প্রয়োজনীয় আইন প্রণয়নের কথা জানালেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ। গত সরকারের প্রণীত জননিরাপত্তা আইনসহ অন্যান্য কালাকানুনগুলো' পরীক্ষা-নিরীক্ষা করে এর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া যায় কিনা তা ভেবে দেখা হবে।

গতকাল সাংবাদিকদের কাছে এ বক্তব্য দেন ব্যারিস্টার মওদুদ আহমদ।

তিনি আরও বলেন, গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে হলে বিরোধীদলের সংসদে উপস্থিতির বিকল্প নেই। আমরা তা অনুভব করি। আমার বিশ্বাস আওয়ামী লীগ বেশি দিন সংসদের বাইরে থাকবে না। এছাড়াও আওয়ামী লীগ যেন মনে না করে আমরা সরকারিদল সংখ্যাগরিষ্ঠতার জোরে সবকিছু করে ফেলব। সেই মানসিকতা আমাদের নেই।

### সাবেক মন্ত্রীর ভাল কাজ অনুসরণ করবেন নিজামী

গত মন্ত্রীর ভাল কাজগুলো অনুসরণ করার কথা জানান কৃষিমন্ত্রী মতিউর রহমান নিজামী। তার ভাষায়, গত সরকার যেসব ভাল কাজ করেছে তা অবশ্যই আমি বহাল রাখব দেশ ও জাতির স্বার্থে। আমি রাজনীতির উর্ধ্বে ওঠে কাজ করার চেষ্টা করব। গতকাল সচিবালয়ে সাংবাদিকদের